হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪০ ঃ মেহেরপুর- শনিবার ১৩ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২৯ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১৯ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## আজ মেহেরপুর ও চুয়াডাঙ্গায় ১২ ঘণ্টা বিদ্যুৎ থাকবে না

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলাজুড়ে আজ শনিবার (১৩ সেপ্টেম্বর) সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা ৩০ মিনিট পর্যন্ত টানা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। জাফরপুর গ্রিডে রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কাজের কারণে এই শাটডাউন কার্যকর করা হবে। মেহেরপুর বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ কোম্পানি (ওজোপাডিকো) লিমিটেডের নির্বাহী প্রকৌশলী আব্দুর রহিম এবং মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির উপ-মহাব্যবস্থাপক নিশ্চিত করেছেন, কাজের কারণে পুরো জেলা জুড়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি জানিয়েছে, ইতিমধ্যে সকল এলাকায় মাইকিং করা হয়েছে। নির্ধারিত সময়ের আগেই কাজ শেষ হলে বিদ্যুৎ সরবরাহ চালু হবে, তবে প্রয়োজনে কিছুটা দেরিও হতে পারে। ভারপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী আব্দুর রহিম জানান, ঝিনাইদহ থেকে বিকল্প উপায়ে বিদ্যুৎ সরবরাহ চালু থাকবে,

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে বাল্যবিবাহের ছায়া কিশোরীদের জীবন বিপন্ন



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের ছোট্ট গ্রাম বুড়িপোতা। এখানে ১৪ বছরের মিতু (ছদ্মনাম) স্কুলের ব্যাগ তোলার বয়সেই জীবন জড়িয়ে গেছে পরিবারের নির্বাচিত বিয়ে দিয়ে। তার চোখে স্কুলের ক্লাসরুমের উজ্জ্বলতা নেই, আছে শুধুই অজানা ভবিষ্যতের অন্ধকার। "আমি পড়তে চাইতামৃ কিন্তু তারা বলল, এখন বিয়ে হবে," কণ্ঠে ঝরছে ছোট্ট মেয়েটির হতাশা। স্থানীয় প্রশাসন ও শিক্ষাবোর্ডের সাম্প্রতিক পরিসংখ্যান অনুযায়ী, মেহেরপুরে ১৪ বছরের কম বয়সী কমপক্ষে ২০০ কিশোরী বিগত বছরে বিয়ে করেছে। এই সংখ্যা বাড়ছে আশঙ্কাজনক হারে। সামাজিক প্রথা, দারিদ্র্য, এবং শিক্ষার অভাব প্রধান কারণ।

স্বাস্থ্যকর্মীদের মতে, অল্প বয়সে গর্ভধারণ করলে মাতৃ ও শিশুর মৃত্যুর ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়। ডাক্তারেরা সতর্ক করছেন, "বাল্যবিবাহ শুধু মেয়েদের শারীরিক স্বাস্থ্য নয়, মানসিক সুস্থতাকেও ক্ষতিগ্রস্ত করে। এই বয়সের মেয়েরা মানসিকভাবে সম্পূর্ণ প্রস্তুত নয়।"

গ্রামের অন্য একজন মা জানান, "আমরা চাই না মেয়েরা বাল্যবিবাহে জড়াক, কিন্তু পরিবারের অর্থনৈতিক সীমাবদ্ধতা এবং প্রতিবেশীদের চাপ অনেকটাই বাধ্য করছে। শিক্ষকরা বলছেন, বাল্যবিবাহ কেবল একজন কিশোরীর শিক্ষা ভেঙে দেয় না, পুরো সমাজের উন্নয়নকে বাধাগ্রস্ত করে। স্কুল থেকে বের হওয়া প্রতিটি কিশোরী তার সম্ভাবনা হারাচ্ছে, এবং মানসিক চাপ ও স্বাস্থ্যঝুঁকির মধ্যে পড়ছে। সমাজকর্মী আছিয়া বেগম বলেন, "বাল্যবিবাহ বন্ধ করতে হলে শুধু আইন নয়, পরিবারের সচেতনতা এবং শিক্ষার সুযোগ বাড়ানো জরুরি। প্রতিটি

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুর ও চুয়াডাঙ্গায় ১২০ টাকায় পুলিশে চাকরি

নিজস্ব প্রতিবেদক

মাত্র ১২০ টাকার আবেদন ফি দিয়েই নিজ যোগ্যতায় পুলিশের কনস্টেবল পদে চাকরি পেয়েছেন মেহেরপুরের ৯ যুবক। স্বচ্ছ ও আধুনিক নিয়োগ প্রক্রিয়ার মধ্য দিয়ে নির্বাচিত হওয়ায় উচ্ছ্বাসে ভরে গেছে প্রার্থীদের মুখ। গতকাল শুক্রবার (১২ সেপ্টেম্বর) বিকালে মেহেরপুর পুলিশ লাইনস ড্রিলশেডে ফলাফল ঘোষণা করেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। ফলাফল ঘোষণার আগে প্রার্থীদের চোখেমুখে ছিল উৎকণ্ঠা। কে পাবে সেই কাঙ্ক্ষিত চাকরি এমন অস্থিরতায় কাঁপছিল প্রত্যেকের হৃদয়।পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী ঊর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে যখন উত্তীর্ণদের নাম ঘোষণা করতে শুরু করেন, তখন প্রার্থীদের চোখে-মুখে মিশে ছিল অশ্রু আর হাসির আবেগ। চূড়ান্ত তালিকায় নিজের নাম শুনে বাবাকে জড়িয়ে ধরে কেঁদে ফেললেন অনেকেই। নিয়োগ প্রাপ্ত গাংনী উপজেলার মহাব্বতপুর গ্রামের অমিত হাসান বলেন, মাত্র ১২০ টাকায় আবেদন করেই চাকরি পেয়েছি। আমি অত্যন্ত খুশি। সততা, দেশপ্রেম ও জনগণের কল্যাণে কাজ করতে চাই। আরেক নিয়োগ প্রাপ্ত

২-এর পৃষ্ঠা দেখুন



## কাম ফর হিউম্যানিটি'র প্রতিষ্ঠাবার্ষিকী পালন

নিজস্ব প্রতিবেদক

"তারুণ্যের ভাবনায় মেহেরপুর" এই শ্লোগানকে সামনে রেখে স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটি (সিএফএইচএম)-এর সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী নানা আয়োজনে উদযাপিত হয়েছে।গতকাল শুক্রবার (১২ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে দিনব্যাপী এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়া সীমান্তে বিজিবির পৃথক অভিযানে মাদক ও নকল বিড়ি জব্দ

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় বিশেষ অভিযানে মাদকদ্রব্য ও অবৈধ নকল বিড়ি জব্দ করেছে। এসময় একজনকে আটক করা হয়। জব্দকৃত মালামালের আনুমানিক বাজারমূল্য ১ লাখ ২৭ হাজার ২০৫ টাকা। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)-এর অধিনায়ক লে. কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি লিখিত প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গত ১১ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সন্ধ্যা ৮টার দিকে চল্লিশপাড়া বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় অভিযান চালানো হয়। চরপাড়া মসজিদের

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরের সুরের যাত্রী সাবিনা ছাত্তার মিতা

মুহম্মদ মহসীন, মেহেরপুর



ভাবনার স্বচ্ছতা যখন হৃদয়কে স্পর্শ করে, তখনই জীবনের বাঁকে বাঁকে জন্ম নেয় সৌন্দর্যের গল্প। মেহেরপুরের আধুনিক গানের শিল্পী সাবিনা ছাত্তার মিতা সেই সুরের যাত্রী, যিনি সংগীতকে জীবনের এক অমর আচার হিসেবে গ্রহণ করেছেন। শৈশব থেকেই সাহিত্য ও সংস্কৃতিতে পদচারণা শুরু। মাত্র সাত বছর বয়সে রাজশাহীর বেতারে শিশুদের অনুষ্ঠানে "কলকাকলি"তে ছড়াগান পরিবেশন করে শ্রোতাদের মন জয় করেন। প্রাথমিক সংগীত শিক্ষা গ্রহণ করেন পিতা ওস্তাদ মরহুম মীর আব্দুস সাত্তার'র কাছ থেকে, যিনি বিশ্বাস করতেন তাঁর মেয়ে একদিন সঙ্গীতের উচ্চতায় পৌঁছে যাবে। পরবর্তীতে শ্রদ্ধেয় গুরু ওস্তাদ ইয়াসিন খাঁনের কাছ থেকেও সংগীতের বিশেষ পাঠ নেন। সাবিনা

২-এর পৃষ্ঠা দেখুন

## পশ্চিম সিকিমের ইয়াংথাঙে ভূমিধসে নিহত-৪

সূর্যোদয় প্রতিবেদন

পশ্চিম সিকিমের রিম্বি এলাকার ইয়াংথাঙে আবারও ভয়াবহ ভূমিধসের ঘটনা ঘটেছে। গভীর রাতে ঘটা এই ধসে এ পর্যন্ত চারজনের মৃত্যু হয়েছে। এখনও নিখোঁজ রয়েছেন কয়েকজন। ধ্বংসস্তূপের নিচে কেউ চাপা পড়ে আছেন কি না, তা খুঁজে দেখছে উদ্ধারকারী দল। গেজিংয়ের পুলিশ সুপার শেরিং সেরপা জানিয়েছেন, ধস নামার পর ঘটনাস্থলেই তিনজন মারা যান। পরে হাসপাতালে নিয়ে আসার পর আরও একজনের মৃত্যু হয়। একজনকে জীবিত উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে, তবে তাঁর অবস্থা সঙ্কটজনক বলে জানা গেছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## মাদ্রাসায় শাস্তির নামে নির্যাতন, শিক্ষক আটক

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা



চুয়াডাঙ্গা সদর উপজেলার দীননাথপুরে অবস্থিত জামেয়াতুল উলুমিল ইসলামিয়া কওমিয়া মাদ্রাসায় দুই শিক্ষার্থীকে নির্মমভাবে পিটিয়ে জখমের ঘটনায় শিক্ষক ইব্রাহিমকে গ্রেপ্তার করেছে পুলিশ। শিশু আইনে গতকাল শুক্রবার (১২ সেপ্টেম্বর) দুপুরে ভুক্তভোগী মিরাজের বাবা মিলন আলী সদর থানায় একটি মামলা দায়ের করেন। এরপরই পুলিশ অভিযুক্ত শিক্ষককে গ্রেপ্তার দেখিয়ে আদালতে সোপর্দ করেছে। চুয়াডাঙ্গা সদর থানার ওসি খালেদুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, "মাদ্রাসা কর্তৃপক্ষ শিক্ষককে আটক করে রেখেছিল। খবর পেয়ে পুলিশ তাকে মধ্যরাতে থানায় নিয়ে আসে। পরে মামলার প্রেক্ষিতে গ্রেপ্তার দেখানো

২-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গা বিআরটিএ এখন অভিভাবকহীন

চুয়াডাঙ্গা প্রতিনিধি

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ-বিআরটিএ চুয়াডাঙ্গা কার্যালয়ে সহকারী পরিচালক নেই। এতে অতিগুরুত্বপূর্ণ এ দপ্তরের সেবার মান মুখ থুবড়ে পড়েছে। নানাভাবে ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ গ্রাহকরা। এ অবস্থায় ফিটনেস, পারমিট হালনাগাদ ও নতুন গাড়ির রেজিস্ট্রেশন করা যাচ্ছে না। প্রায় তিন মাস ধরে এ দপ্তরে অনেকটা অচলাবস্থা সৃষ্টি হয়েছে। বন্ধ রয়েছে কর্মকর্তা-কর্মচারীদের বেতনও। বাজেট পাস হলেও সেখান থেকে কোনো খরচ করা যাচ্ছে না বলে

২-এর পৃষ্ঠা দেখুন

## নিয়োগ পেলেও যোগ দিতে পারছেন না সচিবরা

সূর্যোদয় প্রতিবেদন

নিয়োগ পেলেও কর্মস্থলে যোগ দিতে পারছেন না কিছু সচিব। সরকারের সর্বোচ্চ পর্যায় থেকে অনুমোদন থাকলেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টাদের 'অনুমতি' না পাওয়ায় তারা যোগদান করতে পারছেন না। জনপ্রশাসন বিশেষজ্ঞরা বলছেন, এটি প্রশাসনের জন্য এক ধরনের অস্থিরতা ও বিশৃঙ্খলার দৃষ্টান্ত। গত কয়েক সপ্তাহে পদোন্নতি পাওয়া অন্তত দুজন সচিব যোগদান করতে না পেরে বিব্রতকর অবস্থায় পড়েছেন। গত ৩ আগস্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে সংযুক্ত অতিরিক্ত সচিব এস এম শাকিল আখতারকে মৎস্য ও প্রাণিসম্পদ

২-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে অস্ত্রসহ সন্ত্রাসী গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক, ঝিনাইদহ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার সারুটিয়া ইউনিয়নের ভুলুন্দিয়া গ্রাম থেকে অস্ত্র, গুলি ও বিস্ফোরক দ্রব্যসহ অর্ক ইসলাম উৎস (২৫) নামের এক সন্ত্রাসীকে বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) রাতে গ্রেফতার করেছে সেনাবাহিনী ও পুলিশ যৌথ অভিযান চালিয়ে।শৈলকুপা থানার ওসি মাসুম খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে রাতের অভিযানে অর্ক ইসলাম উৎসের বাড়ি-ঘর তল্লাশী করা হয়। তল্লাশী শেষে একটি ওয়ান শুটার গান, ৫ রাউন্ড গুলি ও ৫টি ককটেল উদ্ধার করা হয়। অস্ত্র

২-এর পৃষ্ঠা দেখুন

## ইসরাইলের ঔদ্ধত্যে মধ্যপ্রাচ্যে বাংলাদেশি প্রবাসীদের নিয়ে উদ্বিগ্ন তারেক রহমান

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় চলমান গণহত্যার পাশাপাশি লেবানন, সিরিয়া, ইয়েমেন ও সর্বশেষ কাতারের রাজধানী দোহায় বিমান হামলার ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন তিনি। এসব ঘটনায় প্রাণ হারিয়েছেন কাতার ও ফিলিস্তিনের কয়েকজন নাগরিক। শুক্রবার (১২ সেপ্টেম্বর) বাংলাদেশ সময় বিকাল পৌনে পাঁচটায় দেওয়া এক ফেসবুক পোস্টে তারেক রহমান লেখেন, "বিশ্বজুড়ে বাংলাদেশিরা সবসময়ই সহিংস ঔপনিবেশিক দমন-পীড়ন ও অস্তিত্ব মুছে ফেলার বিরুদ্ধে আমাদের ফিলিস্তিনি ভাই-বোনদের সঙ্গে সংহতি প্রকাশ করেছে এবং গর্বের সাথে তা অব্যাহত

২-এর পৃষ্ঠা দেখুন



## দিলীপ বাসফোড় স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা হরিজন ফ্রেন্ডস ক্লাব একাদশের উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে দিলীপ বাসফোড় স্মৃতি ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।গতকাল শুক্রবার সকালে আনুষ্ঠানিকভাবে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, যিনি বেলুন উড়িয়ে টুর্নামেন্টের শুভ সূচনা করেন। এ সময় উপস্থিত ছিলেন সাবেক ছাত্রনেতা ও গোভীপুর মাধ্যমিক

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর: (মেহেরপুর ক্লিনিকে স্বাস্থ্য ঝুকি)

নিজের স্বাস্থ্য ঠিক নেই
পরের করবে সেবা
মেহেরপুরের ক্লিনিক গুলি
স্বাস্থ্য থেকেও মরা ।
রোগী গেলে ওষুধ আনে
মেয়াদ থাকেনা তাতে
মরার উপর খাড়ার ঘা
ভাত পড়ে না পাতে।
আইন করেও হয় না কিছু
আইনের লম্বা হাত
ধরলে চেপে টাকার জোরে
পেয়ে যায় মাপ।
ডাক্তার থাকে না ক্লিনিকে
অপারেশন করবে কে
কর্মচারী আর ম্যানেজার মিলে
ছুরি চালাচ্ছে।



## শিক্ষক রাশিদুল ইসলামের দাফন সম্পন্ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের সাবেক সদস্য ও রাজনগর দাখিল মাদ্রাসার অবসরপ্রাপ্ত শিক্ষক রাশিদুল ইসলামের দাফন সম্পন্ন হয়েছে।গতকাল শুক্রবার দুপুরে হিজুলী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে দ্বিতীয় জানাজার পর মরহুমকে স্থানীয়

২-এর পৃষ্ঠা দেখুন

## রায়েরবাজারে মুক্তিযুদ্ধে শহীদের প্রতি ডাকসু নেতাদের শ্রদ্ধা

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর রায়েরবাজারে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে জয়ী শিবির সমর্থিত ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট থেকে নব নির্বাচিত সহসভাপতি (ভিপি) সাদিক কায়েমসহ প্যানেলের নেতারা। বৃহস্পতিবার সকালে শ্রদ্ধা নিবেদন করে শহীদদের স্মরণে মোনাজাত করেন তারা। এর আগে জুলাই শহীদদের গণকবরের সামনে মোনাজাতের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব পালনের কথা জানান। পরে ঢাকা

২-এর পৃষ্ঠা দেখুন



## কেশবপুরে আন্তর্জাতিক শান্তি দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

যশোরের কেশবপুর উপজেলার সাতাইশকাটি মাধ্যমিক বিদ্যালয়ে গত ১১ সেপ্টেম্বর আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপিত হয়েছে। এফসিডিওর অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস প্রকল্পের উদ্যোগে র‍্যালি, আলোচনা সভা ও সম্প্রীতির বৃক্ষরোপণ

২-এর পৃষ্ঠা দেখুন




## রাজনৈতিক মতপার্থক্য থাকলেও ১৫ ফেব্রুয়ারির মধ্যেই নির্বাচন প্রেস সচিব

সূর্যোদয় প্রতিবেদন

শুক্রবার সকালে মাগুরার শ্রীপুরে মুসলিম রেনেসাঁর কবি ফররুখ আহমেদের গ্রামের বাড়ি পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। প্রেস সচিব বলেন, "দল থাকলে মতপার্থক্য থাকবেই। নাহলে ভিন্ন দল কেন হবে? কিন্তু আমরা

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ২৯ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ১৩ সেপ্টেম্বর ২০২৫ইং

## ছাড় দিতে রাজি নয় কোনো দল

# সনদ নিয়ে ঐকমত্য না হলে নির্বাচন নিয়েও আশঙ্কা

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদের আইনি ভিত্তি ও বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে রাজনৈতিক দলগুলো আগের অবস্থানে রয়েছে। জাতীয় ঐকমত্য কমিশন বৃহস্পতিবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হয়। তবে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত ছাড়াই বৈঠক শেষ হয়েছে। কমিশন রোববার বিকালে আবারও দলগুলোর সঙ্গে আলোচনায় বসবে। বৈঠকে অংশ নেওয়া বিভিন্ন দল সনদ নিয়ে ঐকমত্য না হলে নির্বাচিত সরকার দুর্বল হবে এবং নির্বাচন নিয়েও আশঙ্কা প্রকাশ করেছে। সভা শেষে জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, “সুপারিশের যেসব বিষয় সংবিধান সংশ্লিষ্ট নয়, সেগুলো অন্তর্বর্তী সরকার অধ্যাদেশ জারি করে বাস্তবায়ন করতে পারবে। আর সরকারি বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আদেশ ও বিধি প্রণয়নের মাধ্যমে বাস্তবায়নযোগ্য বিষয়গুলোও প্রয়োগ করা সম্ভব।” বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, “জুলাই সনদের সব সুপারিশ বাস্তবায়নের জন্য দলগুলো নির্বাচনি ইশতেহারে অঙ্গীকার করবে। সংবিধান সংশোধনী সংক্রান্ত বিষয়গুলো পরবর্তী সংসদে দুই বছরের মধ্যে বাস্তবায়ন হবে। অধ্যাদেশ ও নির্বাহী আদেশের মাধ্যমে সংবিধানকে স্পর্শ না করা সুপারিশগুলো অবিলম্বে কার্যকর করা সম্ভব।” বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের জানান, “ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন জুলাই সনদের ভিত্তিতে অনুষ্ঠিত হবে। কমিশনের পাঁচটি বিকল্প প্রস্তাবের মধ্যে জামায়াতের একটি সুনির্দিষ্ট প্রস্তাব রয়েছে, যা গ্রহণযোগ্য হলে আইনগত ভিত্তি নিশ্চিত হবে।” অ্যাডভোকেট শিশির মনির বলেন, “কিছু বিষয় সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক হলে একটি বিশেষ সাংবিধানিক আদেশ জারি করে এগুলো কার্যকর করা

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সম্পর্কে বিশ্বাস গড়ে তোলার উপায়

সূর্যোদয় প্রতিবেদন

সম্পর্কের ভিত্তি হলো বিশ্বাস। বিশ্বাস না থাকলে কোনো সম্পর্ক টিকে না। তবে নানা কারণে অনেক সময় সেই বিশ্বাস ভেঙে যেতে পারে। সম্পর্ক ভাঙার পরিবর্তে যদি তা মেরামত করতে চান, তবে নতুন করে আস্থা গড়ে তোলার সুযোগ থাকে। এর জন্য প্রয়োজন ধৈর্য ও আন্তরিকতা। একদিনে নয়, ধারাবাহিক চর্চার মাধ্যমে বিশ্বাস ফিরে আসে। বিশেষজ্ঞদের মতে ছয়টি পদক্ষেপ এ ক্ষেত্রে কার্যকর হতে পারে।১.শুধু দুঃখ প্রকাশ করলেই হবে না, নিজের ভুল স্বীকার করে তা সংশোধনের চেষ্টা করতে হবে। সঙ্গীর চোখে আস্থা ফিরে আনতে হলে আপনার আন্তরিক প্রচেষ্টা দৃশ্যমান হওয়া জরুরি।২.চুপ করে থাকলে সমস্যা আরও বাড়ে। সঙ্গীর কাছে কিছু লুকিয়ে রাখবেন না। ঝগড়ার পরিবর্তে শান্তভাবে মুখোমুখি বসে কথা বললে ভুল বোঝাবুঝি দূর হয়, আস্থা বাড়ে। ৩.একসঙ্গে ভালো সময় কাটানো সম্পর্কে নতুন রঙ আনে। রান্না, বাগান, ভ্রমণ বা কোনো শখের কাজ একসঙ্গে করলে সম্পর্কে ইতিবাচকতা ফিরে আসে।৪.সম্পর্ক টিকিয়ে রাখতে দায়িত্ব ভাগাভাগি করা অপরিহার্য। সব ভার সঙ্গীর ওপর চাপিয়ে দিলে আস্থা নষ্ট হয়। দায়িত্বশীল আচরণ সঙ্গীকেও সচেতন করে তোলে।৫. মিথ্যা হলো সম্পর্ক ধ্বংসের সবচেয়ে বড় কারণ। সঙ্গীর কাছে সব

৩-এর পৃষ্ঠা দেখুন



## ছাত্র সংসদ নির্বাচনে ‘নিরপেক্ষতা’ নিয়ে প্রশ্ন উঠেছে: ডা. জাহিদ

সূর্যোদয় প্রতিবেদন

ডাকসু ও জাকসু নির্বাচনে ভোট গ্রহণের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন উঠেছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন। শুক্রবার সকালে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কবরে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের তিনি বলেন, “বিশ্ববিদ্যালয়গুলোতে যে ছাত্র সংসদের নির্বাচন হচ্ছে, তা নিয়ে নানা প্রশ্ন উঠছে। গতকাল জাকসু নির্বাচনে শুধু ছাত্রদল নয়, বিভিন্ন প্যানেল, স্বতন্ত্র প্রার্থী এমনকি শিক্ষক পর্যন্ত সরে দাঁড়িয়েছেন। নিশ্চয়ই এর পেছনে কারণ রয়েছে।” তিনি আরও বলেন, “২০০৯ সালে মানুষ ভোট দিতে পেরেছিল। কিন্তু ২০১৪ সালে ভোটারবিহীন নির্বাচন হয়েছে, ২০১৮ সালে দিনের ভোট রাতে হয়েছে, আর ২০২৪ সালে ‘আমি-ডামি’ নির্বাচন হয়েছে। বাংলাদেশের মানুষ নির্বাচনী ব্যবস্থার

৩-এর পৃষ্ঠা দেখুন

## গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখতে প্রয়োজন প্রশিক্ষিত কর্মীবাহিনী- আসলাম চৌধুরী

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রামের সীতাকুণ্ডে ছাত্রদল আয়োজিত এক কর্মশালায় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক যুগ্ম-মহাসচিব আসলাম চৌধুরী এফসিএ বলেছেন, টেকসই উন্নয়ন অগ্রগতি ও গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখতে প্রয়োজন প্রশিক্ষিত কর্মীবাহিনী। তাঁর মতে, রাজনৈতিক কর্মী শুধু দলের নয়, বরং দেশেরও সম্পদ। শুক্রবার (১২ সেপ্টেম্বর) সকালে বাঁশবাড়ীয়া ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে আয়োজিত ‘তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ’ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আসলাম চৌধুরী বলেন, “রাজনীতি একটি বিজ্ঞান। শিক্ষা ও জ্ঞানে সমৃদ্ধ না হলে এটি আত্মস্থ করা সম্ভব নয়। রাজনীতিতে স্লোগান উদ্দীপনা যোগালেও কেবল স্লোগান নির্ভর

২-এর পৃষ্ঠা দেখুন




## বাংলাদেশের অর্থনীতি শক্তিশালী করতে চীনে রফতানি বাড়ানো জরুরি: বাণিজ্য উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের অর্থনীতি আরও শক্তিশালী করতে চীনে পণ্যের রফতানি বাড়ানো প্রয়োজন। শুক্রবার রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) ‘দ্য বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ ইন বাংলাদেশ এক্সিবিশন ২০২৫’ অনুষ্ঠানে এসব কথা বলেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। বাণিজ্য উপদেষ্টা বলেন, “বাংলাদেশ তৈরি পোশাকসহ অনেক খাতে এগিয়ে থাকলেও সামগ্রিকভাবে পিছিয়ে আছে। বাংলাদেশের প্রকৃত বন্ধু হিসেবে চীনে পণ্যের রফতানি বৃদ্ধি করা জরুরি। পাশাপাশি জ্বালানি, অবকাঠামো এবং উদ্ভাবনী শিল্পে

২-এর পৃষ্ঠা দেখুন

## সবাইকে পেছনে ফেলে ছুটছেন লিটন দাস

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক ক্রিকেটে এক দশক পার করেছেন লিটন দাস। তবে এতটা ধারাবাহিকতা আর দায়িত্বশীলতা আগে দেখা যায়নি। অধিনায়ক লিটনের নেতৃত্বে এখন নির্ভরযোগ্য হয়ে উঠেছে বাংলাদেশ দল। টি-টোয়েন্টিতে দীর্ঘদিন রানের খরা থাকলেও, দলকে জেতাতে লিটন ছিলেন নিরলস। শেষ ১৮ ইনিংসে মাত্র এক ফিফটি থাকলেও, দল ভালো থাকার কারণে তার ব্যর্থতা তেমন চোখে পড়েনি। কিন্তু নেদারল্যান্ডস সফরে ঘুম ভাঙল লিটনের। তিন ম্যাচ সিরিজে জোড়া ফিফটি হাঁকিয়ে সিরিজ সেরার পুরস্কার জিতলেন। সেই আত্মবিশ্বাস নিয়েই তিনি হংকংয়ের বিপক্ষে এশিয়া কাপে খেললেন অধিনায়কোচিত ইনিংস। ৩৯ বলে ৫৯ রানে দলের ৭ উইকেটের জয়ে নেতৃত্ব দিয়েছেন

৩-এর পৃষ্ঠা দেখুন




## চড়া দামের কারণে বিক্রি হচ্ছে না ভারত-পাকিস্তান ম্যাচের টিকিট

সূর্যোদয় প্রতিবেদন

দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে আগামী ১৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হতে যাওয়া ভারতপাকিস্তান ম্যাচকে ঘিরে ক্রিকেটপ্রেমীদের মধ্যে তীব্র উত্তেজনার প্রত্যাশা করা হয়েছিল। তবে এবার সেই উন্মাদনা দেখা যাচ্ছে না। আয়োজকদের হিসাব অনুযায়ী, টিকিট উন্মুক্ত হওয়ার ১০ দিন পার হলেও মাত্র ৫০ শতাংশ টিকিট বিক্রি হয়েছে। বিশ্লেষকরা মনে করছেন, টিকিটের চড়া মূল্যই এই অনীহার প্রধান কারণ। প্রিমিয়াম টিকিটের দাম বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫ লাখ টাকা, আর সাধারণ টিকিটের দামও প্রায় ১২ হাজার টাকা। এই উচ্চমূল্যের কারণে অনেক সমর্থকই পিছু হটেছেন। ভারতীয় সংবাদমাধ্যমগুলোও একই কারণকে দায়ী করছে। ভারত-পাকিস্তান ম্যাচের প্রতি আগের উন্মাদনা এবং টিকিট বিক্রির রেকর্ড লক্ষ্য করলে এই পরিস্থিতি বিস্ময়কর। দ্বিপাক্ষিক সিরিজ বন্ধ থাকায় এই দুই চিরপ্রতিদ্বন্দ্বীর

৩-এর পৃষ্ঠা দেখুন



## নেপালে রাজপরিবারের নৈশভোজে পাঁচজনকে হত্যা নিয়ে প্রশ্ন

সূর্যোদয় প্রতিবেদন

২০০১ সালের ১ জুন, শুক্রবার রাত। কাঠমান্ডুর নারায়ণহিটি প্রাসাদে নৈশভোজ চলাকালে ঘটে এক ভয়াবহ হত্যাকাণ্ড, যা নেপালের ইতিহাসে এক অমোঘ মোড় ঘুরিয়ে দেয়। সেদিন গুলিতে নিহত হন তৎকালীন রাজা বিরেন্দ্র শাহ, তাঁর স্ত্রী, সন্তানসহ পরিবারের পাঁচ সদস্য। সরকারি তদন্ত প্রতিবেদনে বলা হয়, হত্যাকাণ্ড ঘটান বিরেন্দ্রর

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিহারের পর আসামেও ছাত্র আন্দোলনের ঢেউ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতে নতুন করে ছড়িয়ে পড়ছে ছাত্র-যুবকদের আন্দোলন। বিহারের চাকরিপ্রত্যাশীদের বিক্ষোভের রেশ কাটতে না কাটতেই এবার উত্তাল হলো আসাম। গত বুধবার (১০ সেপ্টেম্বর) সন্ধ্যায় আসামের তিনসুকিয়া জেলায় প্রায় ২০ হাজার মোড়ান সম্প্রদায়ের মানুষ রাস্তায় নামেন। তাদের মূল দাবিড় অবিলম্বে মোড়ানদের ‘তফসিলি উপজাতি’ (এসটি) মর্যাদা প্রদান। অল মোড়ান স্টুডেন্টস ইউনিয়নের (এএমএসইউ) নেতৃত্বে তালাপ, কাকোপাথার ও মার্ঘেরিটার ধারাবাহিক কর্মসূচির মধ্য দিয়ে আন্দোলন শুরু হয়। পরে তা

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্রে চার্লি কার্ক হত্যাকাণ্ডে সন্দেহভাজন বন্দুকধারীর ভিডিও প্রকাশ

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের ইউটাহ অঙ্গরাজ্যে রাজনৈতিক কর্মী চার্লি কার্ককে গুলি করে হত্যার পর সন্দেহভাজন হামলাকারীর পালানোর দৃশ্যের ভিডিও প্রকাশ করেছে কর্তৃপক্ষ। ভিডিওতে দেখা যায়, কার্ককে গুলি করার পরপরই অভিযুক্ত ব্যক্তি ছাদ থেকে লাফ দিয়ে নিচে পড়েন এবং সেখান থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পকে জেট উপহারও কাতারকে রক্ষা করতে পারলো না

সূর্যোদয় প্রতিবেদন

কাতার ভেবেছিল ইসরায়েলের হামলা থেকে তারা সুরক্ষিতড়এমন ধারণা খুব অযৌক্তিক ছিল না। মাত্র চার মাস আগেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দোহা সফর করে গেছেন। সেই সফরে তাঁকে দেওয়া হয় রাজকীয় অভ্যর্থনা, স্বাক্ষরিত হয় কোটি ডলারের চুক্তি, এমনকি উপহার হিসেবে দেওয়া হয় একটি বিতর্কিত প্রেসিডেনশিয়াল বিমানও। গাজা যুদ্ধ বন্ধে মধ্যস্থতাকারী হিসেবেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছিল কাতার। সোমবার কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন

৩-এর পৃষ্ঠা দেখুন

## অপরাধী হয়ে ভিকটিম সাজছে ইসরাইল: পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠকে ইসরাইলের প্রতি তীব্র সমালোচনা জানিয়েছেন পাকিস্তানের স্থায়ী প্রতিনিধি আসিম ইফতিখার আহমদ। তিনি বলেন, আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেও ইসরাইল নিজেকে ভিকটিম হিসেবে উপস্থাপন

২-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## ৯৫ শতাংশ কাজে এআই সফল হয়নি

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বজুড়ে ব্যবসা প্রতিষ্ঠানগুলো খরচ কমানো এবং উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) গ্রহণ করছে। কিন্তু প্রখ্যাত মার্কিন প্রতিষ্ঠান ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি) সম্প্রতি একটি গবেষণায় জানিয়েছে, বেশির ভাগ কোম্পানি এই প্রযুক্তি থেকে কোনো বাস্তব অর্থনৈতিক সফলতা লাভ করেনি। সম্প্রতি প্রকাশিত গবেষণা প্রতিবেদন ‘দ্য জেনএআই ডিভাইডেড: স্টেট অব এআই ইন বিজনেস ২০২৫’ অনুযায়ী, জেনারেটিভ এআইতে বিশ্বব্যাপী প্রায় ৩ থেকে ৪ হাজার কোটি




ডলার বিনিয়োগ করা হয়েছে। তবে এই বিনিয়োগের মাত্র ৫ শতাংশই কোম্পানিগুলোকে উল্লেখযোগ্য মুনাফা দিচ্ছে, বাকি ৯৫ শতাংশ কোম্পানি বিনিয়োগে কোন মুনাফা পাইনি। এক বছরে যুক্তরাষ্ট্রের বিভিন্ন কোম্পানি এআই প্রকল্পে আনুমানিক ৩৫৪০ বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। তবে অধিকাংশের ক্ষেত্রে কেবল বিপুল পরিমাণ সম্পদের ক্ষতি ছাড়া এখন পর্যন্ত দৃশ্যমান কোন সফলতা দেখা যায়নি। এ গবেষণায় ৩০০টি প্রকল্পের ফলাফল বিশ্লেষণ করা হয়েছে এবং ৩৫০ জনেরও বেশি কর্মীর সঙ্গে সাক্ষাৎ করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, অধিকাংশ প্রতিষ্ঠান

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
**নিয়মিত রোগী দেখেন**
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব**
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
**ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
**ডা. মো. আতিকুর রহমান**
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
**ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ১৩ সেপ্টেম্বর ২০২৫ ইং

## মেহেরপুরের ক্লিনিকগুলোতে স্বাস্থ্যঝুঁকি রোধে কঠোর ব্যবস্থা জরুরি

মেহেরপুর জেলার বেসরকারি ক্লিনিকগুলোর সাম্প্রতিক চিত্র ভয়াবহ। মেয়াদোত্তীর্ণ ওষুধ ব্যবহার, দক্ষ চিকিৎসকের অভাব, অপারেশন থিয়েটারে অনিয়মড়এসব কেবল রোগীর জীবনের ঝুঁকি বাড়াচ্ছে না, জনস্বাস্থ্য ব্যবস্থাকেই প্রশ্নবিদ্ধ করছে। সাম্প্রতিক তদারকি প্রতিবেদনে দেখা গেছে, ২২টি ক্লিনিকের মধ্যে ১৪টিতে বড় ধরনের অনিয়ম ধরা পড়েছে। এর মধ্যে ৬টি ক্লিনিক সাময়িকভাবে বন্ধ হলেও জরিমানা দিয়ে কিছুদিন পরই তারা আবার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো, অনেকে নিবন্ধিত চিকিৎসকের নাম ব্যবহার করলেও বাস্তবে তারা উপস্থিত থাকেন না। অপারেশনের মতো জটিল কাজ ম্যানেজার বা সাধারণ কর্মচারী দিয়ে করানো হয়েছে এটি কেবল আইনেরই নয়, মানবতারও চরম লঙ্ঘন। এমনকি মৃত্যুর ঘটনাতেও মামলা হয়নি, যা প্রভাবশালীদের প্রভাব ও নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা স্পষ্ট করে। জরিমানা বা সাময়িক বন্ধ করে দেওয়াই যথেষ্ট নয়। এসব ক্লিনিকের লাইসেন্স বাতিল, দায়ীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা এবং ভুক্তভোগী পরিবারকে ক্ষতিপূরণ নিশ্চিত করতে হবে। একই সঙ্গে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে পর্যাপ্ত জনবল ও আধুনিক সেবা নিশ্চিত করতে হবে, যাতে সাধারণ মানুষ বাধ্য হয়ে এসব বেসরকারি অনিয়মের শিকার না হন। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা যথার্থই বলেছেন, এখনই কার্যকর ব্যবস্থা না নিলে মেহেরপুরের মতো সীমান্তবর্তী জেলায় ভয়াবহ স্বাস্থ্য সংকট তৈরি হবে। তাই সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর দাবি, কঠোর নজরদারি ও বিকল্প স্বাস্থ্যসেবার নিশ্চয়তা এখন সময়ের দাবি।

## মেহেরপুর ও চুয়াডাঙ্গায় ১২০ টাকায়

(প্রথম পৃষ্টার পর)

মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের আশিক ইকবাল বলেন, ছেট থেকেই পুলিশের চাকরি করার স্বপ্ন দেখতাম। আজ সেই স্বপ্ন পূরণ হয়েছে। এই অর্জন আমার জীবনের সবচেয়ে বড় পাওয়া। আশিক ইকবালের বাবা মন্টু মিয়া বলেন, অনেক কষ্ট করে ছেলেকে পড়াশোনা করিয়েছি। আজ তার মেধা ও পরিশ্রমের স্বীকৃতি পেলাম, এটা আমাদের জন্য আশীর্বাদ।মেহেরপুর পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী বলেন, বাংলাদেশ পুলিশ বিগত কয়েক বছর ধরে পরিবর্তিত নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে সারাদেশব্যাপী সুনামের সাথে স্বচ্ছতার মধ্য দিয়ে নিয়োগ প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। মেধার ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। ৫৫৫ জনের মধ্যে বিভিন্ন ধাপ অতিক্রম করে ৯ জনকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে। এছাড়া ২ জনকে অপেক্ষমাণ রাখা হয়েছে। অপর দিকে বুধবার (১০ সেপ্টেম্বর) রাতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রথম ধাপে কাগজপত্র যাচাই-বাছাই, শারীরিক মাপ, শারীরিক সক্ষমতা ও অন্যান্য পরীক্ষা শেষে অনুষ্ঠিত হয় লিখিত পরীক্ষা। এতে অংশগ্রহণ করেন ২৮৪ জন চাকরিপ্রত্যাশী। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হন ৪৬ জন পুরুষ ও ৪ জন নারী। পরবর্তী ধাপে মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষার মধ্য দিয়ে নির্বাচিত হন ১৪ জন তরুণ এবং ২ জন তরুণী। চুয়াডাঙ্গা পুলিশ সুপার জানান, শুরু থেকেই নিয়োগ প্রক্রিয়ায় কোনো দালাল, প্রতারক বা অবৈধ প্রভাবের সুযোগ নেই। স্থানীয় ডিশ চ্যানেল, পত্রিকা, মাইকিং ও ফেসবুকের মাধ্যমে সচেতনতা প্রচারণা চালানো হয়। পুলিশে যোগদানের একমাত্র পথ হলো প্রার্থীর নিজস্ব মেধা ও যোগ্যতা। ফলাফল ঘোষণার পর নতুন নিয়োগপ্রাপ্তদের চোখে ঝলমল করছিল আনন্দ ও গর্ব। তারা জানান, নিজের যোগ্যতা ও মেধার মাধ্যমে, কোনো দালাল বা অবৈধ প্রভাব ছাড়াই পুলিশের সদস্য হওয়ার সুযোগ পাওয়ায় তারা অভিভূত। উপস্থিত ছিলেন যশোরের অতিরিক্ত পুলিশ সুপার মো. আহসান হাবীব, মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আবদুল করিমসহ জেলা পুলিশের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তা।

## মেহেরপুরে বাল্যবিবাহের ছায়া

(প্রথম পৃষ্টার পর)

মেয়ের স্বপ্ন পূরণের অধিকার আছে।” স্থানীয় প্রশাসন জানিয়েছে, সচেতনতা বৃদ্ধি, স্কুলে উপস্থিতি তদারকি, এবং আইন প্রয়োগের মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হবে। তবে সামাজিক মনোভাব পরিবর্তন না হলে কার্যকর ফলাফল পাওয়া কঠিন হবে।

## আজ মেহেরপুর ও চুয়াডাঙ্গায় ১২

(প্রথম পৃষ্টার পর)

ফলে লোডশেডিংয়ের সম্ভাবনা কম। কর্তৃপক্ষ সাময়িক এই অসুবিধার জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছেন।

## কাম ফর হিউম্যানিটি’র প্রতিষ্ঠাবার্ষিকী

(প্রথম পৃষ্টার পর)

করেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও প্রধান সমন্বয়ক মামুন অর রশিদ বিজন। সঞ্চালনায় ছিলেন অনিক হাসান ও তানজিমা তাসমীম হক মোহনা। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির সাবেক সভাপতি ও কিংবদন্তি অভিনেতা আহমেদ শরীফ। তিনি বলেন, “মেহেরপুর আমার স্মৃতিবিজড়িত জেলা। এখানকার সাবিত্রী আর রসকদম্ব মিষ্টির স্বাদ আজও ভোলার নয়। স্বেচ্ছাসেবীরা সমাজের আসল শক্তি, তারা ভালো কাজ করলে একদিন এর প্রতিদান অবশ্যই পাবে।” বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক হাসানুজ্জামান ডাবলু, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের প্রধান সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল, সদর উপজেলা সমাজসেবা অফিসার (রেজিঃ) কাজি আবুল মনসুর এবং সংগঠনের উপদেষ্টা শফিউর রহমান টমা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র উপদেষ্টা কায়েস মাহমুদ।

এরপর প্রধান অতিথিকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ সম্মাননা দেওয়া হয়।সেরা সংগঠন সম্মাননা পান জন্মভুমি মেহেরপুর, ইউনাইটেড মেডিকেল সাপোর্ট ফাউন্ডেশন ও বামুন্দী মানব উন্নয়ন ফাউন্ডেশন। রক্তযোদ্ধা সম্মাননা পান অনৃতরস পারভীন, মিয়াজান আলর ও কল্লোল পাত্র। বৃক্ষবন্ধু সম্মাননা পান কবি নজরুল শিক্ষা মঞ্জিল, হান্নানগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় ও প্রজন্ম সংগঠন। স্বেচ্ছাসেবী সম্মাননা পান রাইহান রাফি, বৃষ্টি মুন্সি, সাব্বির আহমেদ, নসহিদ, হাসানুজ্জামান, সাইদ হোসেন বিশ্বাস ও কায়েস মাহমুদ। প্রধান অতিথি আহমেদ শরীফ তার বক্তব্যে সমাজ গঠনে তরুণদের ইতিবাচক ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, “প্রতিদিন একটি ভালো কাজ করার অভ্যাস গড়ে তুলতে হবে। সমাজের বিত্তবান ও সচেতন মানুষদেরও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর পাশে দাঁড়াতে হবে।”

বর্তমানে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবাসরত এই অভিনেতা সম্প্রতি কুষ্টিয়ায় তার পৈতৃক ভিটায় এসেছেন বলে অনুষ্ঠানে উল্লেখ করেন।

## মাদ্রাসায় শাস্তির নামে নির্যাতন,

(প্রথম পৃষ্টার পর)

হয়েছে।” ভুক্তভোগী দুই শিক্ষার্থী মিরাজ (১২) ও রাব্বি (১৩) চুয়াডাঙ্গা সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের কুকিয়া চাঁদপুর গ্রামের। তাদের পরিবার বলছে, “আমাদের সন্তান অন্যায় করলে আমাদের বলতে পারতেন, কিন্তু এভাবে মারধর করা মানবিক নয়। আমরা দৃষ্টান্তমূলক শাস্তি চাই।” আহত রাব্বির বাবা বজলুর রহমান জানান, “এমন নির্দয়তা সহ্য করা যায় না। এর আগে একবারও তিনি ছাত্রকে মারধর করেছিলেন। আমরা চাই, ঘটনার বিচার হোক।” পীড়নের সময় দুই শিক্ষার্থী মাদ্রাসার মসজিদে ঘুমাচ্ছিলেন। জানা গেছে, ঘুমের মধ্যে ভুলবশত হুজাইফার গায়ে পা লেগে যাওয়ায় শিক্ষক ইব্রাহিম লাঠি হাতে মারধর শুরু করেন। পরে দুজনকে পাশের কক্ষে নিয়ে মেহগনি গাছের চেলা দিয়ে বেধড়ক মারধর করা হয়। আহতদের মারধরের সময় শিক্ষক হুমকি দিয়েছেন, ঘটনা পরিবারকে জানালে মারধরের ভয় দেখানো হয়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. মেহেবুবা মুস্তারী জানান, “আহত দুই শিক্ষার্থী মারাত্মকভাবে জখম হয়েছেন। শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিক চিকিৎসার পর দুজনকে সার্জারি ওয়ার্ডে ভর্তি রাখা হয়েছে।” মাদ্রাসা কর্তৃপক্ষ ও শিক্ষক ইব্রাহিমের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও কোনো বক্তব্য পাওয়া যায়নি।

মাহবুবুল হক পোলেন

# সংবাদিক জীবনের অপ্রতিহত সন্ত্রাসের ছায়া



গাজীপুরের চান্দনা চৌরাস্তায় সেদিন রাতের অন্ধকারে একজন মানুষকে ধরপাকড় করছিলো ছিনতাইকারীরা। আর সেই দৃশ্য ক্যামেরাবন্দি করতে গিয়েই শেষ হলো সাংবাদিক আসাদুজ্জামান তুহিনের জীবনের গল্প। তিনি আর ফিরবেন না। তাঁর সঙ্গে ছিন্ন হয়ে গেল পরিবার, সহকর্মী এবং আমাদের গণমাধ্যমের নিরাপত্তার বিশ্বাস। তুহিনের বাড়ি ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার ভাটিপাড়া গ্রামে। ৩৮ বছর বয়সী এই সাংবাদিক দায়িত্ব পালন করতেন সাহস ও নিষ্ঠার সঙ্গে। ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজে দেখা যায়, তিনি শুধু সংবাদ সংগ্রহ করছিলেন, কিন্তু সেই পেশাগত দায়িত্বই তাঁকে মৃত্যুর মুখে ঠেলে দিল। এটি নতুন কোনো ঘটনা নয়। স্বাধীনতার ৫৫ বছরে সাংবাদিকরা নানা সময়ে রাজনৈতিক, প্রশাসনিক ও অপরাধী শক্তির হামলার শিকার হয়েছেন। সাগর-রুনি, মানিক চন্দ্র সাহা, গৌতম দাস তাদের নামের সঙ্গে যুক্ত প্রতিটি কাহিনী যেন গণমাধ্যমের ইতিহাসে কালো দাগ হয়ে রয়ে গেছে। অথচ বিচারহীনতা এবং সরকারের নীরবতা অপরাধীদের সাহসী করেছে।

মেহেরপুর উপজেলা কৃষি সম্প্রসরণ অধিদপ্তর থেকে শুরু করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল, জাতীয় প্রেস ক্লাব, বরিশাল, কুষ্টিয়া, ফেনী দেশের সব প্রান্তে সাংবাদিকরা হুমকি, মারধর ও মামলা-হানার মুখোমুখি হচ্ছেন। সাংবাদিকরা জানেন, তাঁদের কাজ হল সত্য প্রকাশ করা, কিন্তু সেই সত্য প্রকাশ করতেই তাঁদের জীবন ঝুঁকির মধ্যে পড়ে। এমন পরিস্থিতিতে সাংবাদিকরা কেবল তথ্য সংগ্রাহক নন, তারা আমাদের চোখ, কান, এবং কণ্ঠ। তাঁরা আমাদের দৈনন্দিন জীবনের গল্প, শোষণ, দুর্নীতি, অন্যায়ের কাহিনী আমাদের সামনে আনে। কিন্তু সেই দায়শীলতার বিনিময়ে তাঁরা হারান নিরাপত্তা, প্রিয়জন, এমনকি জীবন। পরিবারগুলো এখন ভয়ে, দুঃখে এবং অনিশ্চয়তায় দিন কাটাচ্ছে। কেউ পরিবারে একমাত্র উপার্জনকারী, কেউ নবজাতক সন্তানের বাবা। সংবাদিকদের নিরাপত্তা, স্বাধীনতা এবং ন্যায়বিচারের নিশ্চয়তা ছাড়া গণমাধ্যমের স্বাধীনতা কল্পনাতীত। রাষ্ট্র, প্রশাসন, রাজনৈতিক দল এবং সমাজ সবাইকে সচেতন হতে হবে। সাংবাদিকরা শুধু খবর লেখেন না; তারা আলোর পথে আমাদের পথপ্রদর্শক।

তাদের নিরাপত্তা নিশ্চিত করা মানে আমাদের দেশের মানুষকে নিরাপদ রাখা, মানবতা রক্ষা করা। আজ যদি আমরা দাঁড়াই না, তবে কাল তাদের সাহস ও আত্মত্যাগ হারিয়ে যাবে নিঃশব্দতায়।

( ভারপ্রাপ্ত সম্পাদক, আমাদের সূর্যোদয়)

# আত্মার শান্তি মেলে দরুদ পাঠে

মুহাম্মাদ মাহতাব হোসাইন

মুমিন জীবনের শ্রেষ্ঠ ইবাদতের অন্যতম হলো প্রিয় নবী হজরত মুহাম্মাদ (সা.)-এর ওপর দরুদ পাঠ। এটি শুধু একটি নফল আমল নয়, বরং আল্লাহর সরাসরি নির্দেশ। কুরআনে ইরশাদ হয়েছে, “নিশ্চয়ই আল্লাহ ও তাঁর ফেরেশতারা নবীর ওপর দরুদ পাঠ করেন। হে ঈমানদাররা! তোমরা নবীর ওপর দরুদ পাঠ করো এবং সালাম প্রেরণ করো।” এই আয়াত প্রমাণ করে, দরুদ পাঠ করা ঈমানদার মুসলিমের জন্য অপরিহার্য। মহান আল্লাহ যখন তাঁর ফেরেশতাদের সঙ্গে রাসূল (সা.)-এর ওপর দরুদ পাঠ করেন, তখন একজন মুমিনের জন্য এর গুরুত্ব কতটাড়তা সহজেই অনুমেয়। দরুদের ফজিলত : রাসূলুল্লাহ (সা.) অসংখ্য হাদিসে দরুদ পাঠের গুরুত্ব বর্ণনা করেছেন। এর মধ্যে উল্লেখযোগ্য কিছু হলো, আল্লাহর রহমত লাভ : “যে ব্যক্তি আমার ওপর একবার দরুদ পাঠ করবে, আল্লাহ তার ওপর দশবার রহমত পাঠাবেন।” দোয়া কবুলের মাধ্যম : “প্রত্যেক দোয়া ঝুলে থাকে যতক্ষণ না নবীর ওপর দরুদ পাঠ করা হয়।” গুনাহ মাফ ও মর্যাদা বৃদ্ধি : প্রতিটি দরুদ পাঠে দশ নেকি, দশ গুনাহ মাফ ও মর্যাদা দশ ধাপ বৃদ্ধি পায়। কিয়ামতে নৈকট্য লাভ : “কিয়ামতের দিন আমার কাছে সবচেয়ে নিকটবর্তী হবে সেই ব্যক্তি, যে বেশি দরুদ পাঠ করেছে।” দুশ্চিন্তা ও কষ্ট দূরীকরণ : উবাই ইবনে কা’ব (রা.)-কে নবী (সা.) আশ্বাস দেনড় বেশি দরুদ পাঠ করলে দুশ্চিন্তা দূর হয় ও গুনাহ মাফ হয়। অলসতা ও কৃপণতা থেকে মুক্তি : নবী (সা.) বলেন, “কৃপণ সেই, যার সামনে আমার নাম উল্লেখ করা হলো অথচ সে দরুদ পাঠ করল না।”

দরুদ এমন এক বরকতময় ইবাদত, যা দুনিয়া ও আখেরাতের সফলতার চাবিকাঠি। কাজের ফাঁকে, চলার পথে বা নামাজের পর দরুদ পাঠ করলে জীবনের প্রতিটি মুহূর্ত আলোকিত হয়, দোয়া কবুল হয় এবং আত্মা খুঁজে পায় প্রশান্তি

## দিলীপ বাসফোড় স্মৃতি ফুটবল

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি খালিদ সাইফুল ইসলাম। অতিথিরা খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন এবং তাদের উদ্দীপনা ও মনোবল বাড়াতে উৎসাহ দেন। টুর্নামেন্টে মোট ৮টি জেলা দল অংশগ্রহণ করছে। উদ্বোধনী খেলায় মেহেরপুর জেলা একাদশ ৩-০ গোলে খুলনা ফুলবাড়িয়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে গোল করেন সাজন, কিরণ ও লিমন। প্রত্যেকটি ম্যাচেই দর্শকরা ফুটবল উৎসবের আমেজ উপভোগ করেন এবং খেলোয়াড়দের প্রতিভা অনুপ্রাণিত করে।

## চুয়াডাঙ্গা বিআরটিএ এখন

(প্রথম পৃষ্টার পর)

জানা গেছে। চুয়াডাঙ্গা বিআরটিএ সূত্রে জানা যায়, চলতি বছরের শুরুর দিকে বিআরটিএ চুয়াডাঙ্গা সার্কেল অফিসে অতিরিক্ত দায়িত্ব পান কুষ্টিয়া সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জি.) জাহাঙ্গীর আলম। ৩ জুলাই ঢাকায় বদলিজনিত কারণে তিনি চুয়াডাঙ্গা সার্কেলের দায়িত্ব থেকে অব্যাহতি পান। তার স্থলাভিষিক্ত হন ওই সময়ে ঝিনাইদহের সহকারী পরিচালক (ইঞ্জি.) তানভীর আহমেদ। তিনি ঝিনাইদহের দায়িত্ব পালন করে চুয়াডাঙ্গায় সপ্তাহে এক দিন অতিরিক্ত দায়িত্ব পালন করতেন। সারা সপ্তাহের কাজ এক দিনে সম্পন্ন না হলে সেবাগ্রহীতারা পড়েন বিড়ম্বনায়। ঝিনাইদহের মিটিংসহ অন্যান্য ব্যস্ততার কারণে মাঝে মধ্যে সারা সপ্তাহ তিনি চুয়াডাঙ্গায় আসতে পারতেন না। পদন্নতিজনিত কারণে ২৫ আগস্ট থেকে তিনিও স্থায়ীভাবে চুয়াডাঙ্গা অফিস ত্যাগ করেন। এতে মারাত্মক ভোগান্তির শিকার হচ্ছেন সেবা নিতে আসা সাধারণ মানুষ। সড়ক পরিবহন মালিক সমিতির জেলা সাধারণ সম্পাদক মঈন উদ্দিন মুক্তা এবং বাস-মিনিবাস মালিক সমিতির সাধারণ সম্পাদক আবুল কালাম বলেন, বর্তমানে এ দপ্তরে কোনো সহকারী পরিচালক না থাকায় টিন মিসম্যাচের কারণে রাজস্ব খাতের ফিটনেস ফি জমা হচ্ছে না। প্রায় দুই মাস ধরে রুট পারমিট বন্ধ রয়েছে। ফিটনেস ও রুট পারমিটের জন্য রাস্তায় অহরহ মামলা খাচ্ছে অনেক গাড়ি। পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দ চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সঙ্গে যোগাযোগ করেছেন। জেলা প্রশাসকের আশ্বাস পেলেও এখনো কোনো কাজ হয়নি। দ্রুত বিআরটিএ চুয়াডাঙ্গা সার্কেলে একজন সহকারী পরিচালক (ইঞ্জি.) পদায়ন করে দৈনন্দিন কাজের ভোগান্তি নিরসনের দাবি জানিয়েছেন ভুক্তভোগী ও সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বরতরা।

## কেশবপুরে আন্তর্জাতিক শান্তি দিবস

(প্রথম পৃষ্টার পর)

কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি), ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ (ওয়াইপিএজি) এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ নেন। সভাপতিত্ব করেন সাতাইশকাটি ব্রাহ্মণডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ। আলোচনা সভার সঞ্চালনা করেন পিএফজি কেশবপুরের সমন্বয়কারী মোঃ মুনছুর আজাদ। সভায় বক্তব্য রাখেন মাঠ সমন্বয়কারী মোঃ আশরাফুজ্জামান, প্রশিক্ষক কামরুজ্জামান, পাজিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মাওলানা রফিকুল ইসলাম এবং ওয়ার্কার্স পার্টির নেতা বাবু আলী গোলদার। মূল প্রবন্ধ পাঠ করেন কেশবপুর পিএফজি-এর পিস অ্যাম্বাসেডর সুপ্রভাত কুমার বসু। উক্ত অনুষ্ঠানের মাধ্যমে শান্তি ও সম্প্রীতির বার্তা সম্প্রসারণে স্থানীয় শিক্ষার্থী ও জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্য ছিল।

## প্রেস সচিব

(প্রথম পৃষ্টার পর)

আবারও বলছি, নির্বাচন ফেব্রুয়ারির ১৫ তারিখের মধ্যেই হবে।” তিনি আরও জানান, নির্বাচনের সময় পেছানোর কোনো সম্ভাবনা নেই। ফেব্রুয়ারির প্রথমার্ধেই নির্বাচন অনুষ্ঠিত হবেড়এটা অন্তর্বর্তী সরকারের দৃঢ় অঙ্গীকার। “কেউ যদি মনে করেন যে নির্বাচন বানচালের চেষ্টা করবেন, সেটা সম্ভব নয়,” মন্তব্য করেন তিনি। এ সময় কবি ফররুখ আহমেদের স্মৃতিবিজড়িত বাড়ির পাশে রেললাইন নির্মাণ প্রসঙ্গেও কথা বলেন শফিকুল আলম। তিনি বলেন, কবির শৈশবের স্মৃতিবাহী স্থান অক্ষত রেখে কীভাবে রেললাইন নির্মাণ করা যায়, সে বিষয়ে রেলওয়ে কর্তৃপক্ষ কাজ করছে। আগামী নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হবে জানিয়ে তিনি বলেন, সব রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা চলছে এবং প্রতিটি ভোটারকে ভোট দেওয়ার সুযোগ নিশ্চিত করা হবে। সম্প্রতি অনুষ্ঠিত ডাকসু নির্বাচন প্রসঙ্গ টেনে তিনি বলেন, “ডাকসু নির্বাচনে শান্তি-শৃঙ্খলা পুরোপুরি বজায় ছিল। কে জিতল বা হারল সেটা বিষয় নয়; আইনশৃঙ্খলা রক্ষায় আমরা সন্তুষ্ট।” এ সময় উপস্থিত ছিলেন মাগুরার জেলা প্রশাসক অহিদুল ইসলাম, রেলওয়ের প্রকৌশলী ফয়জুল করিম খানসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা।

## রায়েরবাজারে মুক্তিযুদ্ধে শহীদের প্রতি

(প্রথম পৃষ্টার পর)

বিশ্ববিদ্যালয়ের স্বপ্নদ্রষ্টা নবাব সলিমুল্লাহর কবরে শ্রদ্ধা জ্ঞাপন করেন তারা। রায়েরবাজারে শ্রদ্ধা জানিয়ে নেতারা বলেন, তারা ’৭১ এবং ’২৪-এর শহীদদের আকাঙ্ক্ষা ধারণ করে এগিয়ে যেতে চান। একইসঙ্গে, জুলাই শহীদদের আকাঙ্ক্ষা বাস্তবায়নে বৈষম্যহীন ঢাকা বিশ্ববিদ্যালয় গড়তে কাজ করবেন বলেও জানান তারা। নবনির্বাচিত ভিপি সাদিক কায়েম বলেন, ‘ডাকসু নির্বাচনে যারা অংশ নিয়েছেন, সবার ইশতেহার মূল্যায়ন করেই আমরা শিক্ষার্থীদের মতামত নিয়ে কাজ করবো। যেভাবে জুলাইয়ে কাজ করেছেন সেভাবেই ঢাবি থেকে গণতান্ত্রিক বার্তা সর্বত্র পৌঁছে দিতে চাই। শহীদরা আমাদের প্রেরণার বাতিঘর। তাদের আকাঙ্ক্ষা নতুনভাবে পুনরুজ্জীবিত করার জন্যে চেষ্টা করে যাবে নতুন কমিটি।’ সাধারণ সম্পাদক (জিএস) এস এম ফরহাদ বলেন, ‘আমরা শহীদদের আত্মত্যাগকে সম্মান জানিয়ে কাজ করতে চাই। তাদের আদর্শ বাস্তবায়নের মাধ্যমেই প্রকৃত শ্রদ্ধা জানানো সম্ভব।’ বিকেলে ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুরকে দেখতে হাসপাতালে গেছেন নবনির্বাচিত ভিপি সাদিক কায়েম, জিএস এস এম ফরহাদসহ নেতৃবৃন্দ। ঢাকা মেডিকেলে কলেজ হাসপাতালে ভর্তি নুরকে দেখতে যান তারা। এ সময় নুরের শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন এবং তার সাথে কথা বলেন।

## তারেক রহমান

(প্রথম পৃষ্টার পর)

রেখেছে।” তিনি দখলকৃত পশ্চিম তীরে নতুন বসতি সম্প্রসারণ পরিকল্পনার কড়া সমালোচনা করে বলেন, “এটি ভবিষ্যতে কোনো ফিলিস্তিনি রাষ্ট্র গঠনের সম্ভাবনাকে কার্যত অসম্ভব করে তুলবে। নেতানিয়াহুর নেতৃত্বে ফিলিস্তিনি জনগণ, তাদের সংস্কৃতি, ভূমি ও ইতিহাসের উপর চলমান হামলা নিছক গণহত্যা নয়, বরং পরিকল্পিত জাতিগত নিধন। এটি ঘৃণ্য।” মধ্যপ্রাচ্য ও উপসাগরীয় অঞ্চলে লাখো বাংলাদেশি প্রবাসীর নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে তারেক রহমান বলেন, “বর্তমান ইসরাইলি সরকার পুরো অঞ্চলটিকে এক গভীর সংকটে ঠেলে দিচ্ছে। এতে আমি আমাদের প্রবাসী বাংলাদেশি ভাই-বোন এবং তাদের পরিবারের নিরাপত্তা নিয়ে গভীরভাবে উদ্বিগ্ন।” গাজায় ইসরাইলি বর্বরতার বিচার ত্বরান্বিত করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, “আমি আন্তর্জাতিক বিচার আদালতকে অনুরোধ জানাই, তারা যেন ইসরায়েলি সরকারের স্পষ্ট গণহত্যার বিষয়ে তাদের রায় ঘোষণায় আর দেরি না করে।” তিনি বিশ্ব নেতাদের প্রতি আহ্বান জানান, যেন তারা ইসরাইলের বসতি স্থাপনের পরিকল্পনার নিন্দা জানায় এবং এর বিরুদ্ধে কার্যকর চাপ সৃষ্টি করে।

## শিক্ষক রাশিদুল ইসলামের দাফন সম্পন্ন

(প্রথম পৃষ্টার পর)

গোরস্থানে দাফন করা হয়। জানাজার আগে মরহুমের কর্মময় জীবন নিয়ে আলোকপাত করেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন এবং মেহেরপুর জেলা জামায়াতের আমীর ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা মোহাম্মদ তাজ উদ্দীন খান। জানাজার অনুষ্ঠানে বিপুল সংখ্যক মানুষ অংশগ্রহণ করেন। মরহুম রাশিদুল ইসলাম বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) রাত সাড়ে ১০টার দিকে ঢাকাস্থ বড় ছেলের বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি ৪ সন্তানের জনক।

## নিয়োগ পেলেও যোগ দিতে পারছেন

(প্রথম পৃষ্টার পর)

মন্ত্রণালয়ের সচিব হিসেবে নিয়োগ দেয় জনপ্রশাসন মন্ত্রণালয়। পদায়নের পর তিনি ই-মেইলে ও সশরীরে যোগদানের চেষ্টা করলেও মন্ত্রণালয়ের উপদেষ্টা ফরিদা আখতার তাকে দায়িত্ব নিতে দেননি। পরে তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়। পরবর্তীতে ২০ আগস্ট বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবেরকে ওই মন্ত্রণালয়ের সচিব করা হয়। তিনি পরদিনই যোগদান করেন। অন্যদিকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম সফিকুজ্জামান অবসরোত্তর ছুটিতে (পিআরএল) গেলে ২৮ আগস্ট নতুন সচিব হিসেবে নিয়োগ পান গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. আব্দুর রহমান তরফদার। তবে যোগদানের জন্য গেলে মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন তাকে দায়িত্ব নিতে দেননি। পরে তাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে বসতে দেখা যায়। জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে, শ্রম মন্ত্রণালয়ের নতুন সচিব নিয়োগের বিষয়টি এখনো প্রক্রিয়াধীন। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ভাষ্য অনুযায়ী, সচিবদের ক্ষেত্রে উপদেষ্টারা বিবেচনা করেন তারা আগের সরকারের বিশেষ সুবিধাভোগী ছিলেন কি না কিংবা তাদের বিরুদ্ধে কোনো অভিযোগ আছে কি না। পাশাপাশি পরিচিত কর্মকর্তাদের অগ্রাধিকার দেওয়া হয়। আস্থা না থাকলে উপদেষ্টারা সচিবদের এনডোর্স (অনুমোদন) করেন না। জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করে বলেন, ‘‘সচিব নিয়োগ সরকারের সর্বোচ্চ পর্যায়ের অনুমোদন ছাড়া হয় না। এরপরও যদি যোগদান আটকে যায়, তা সরকারের অভ্যন্তরে সমন্বয়হীনতার খারাপ দৃষ্টান্ত তৈরি করে।’’ জনপ্রশাসন বিশেষজ্ঞ ও সাবেক অতিরিক্ত সচিব মোহাম্মদ ফিরোজ মিয়া বলেন, ‘‘উপদেষ্টারা হয়তো সচিব পদে নিজের পছন্দের লোক বসাতে চাইছেন। এজন্য এনডোর্স না করায় এ সমস্যার সৃষ্টি হচ্ছে। তবে এটি প্রশাসনের জন্য ভালো বার্তা নয়। এতে সরকার ও প্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে।’’ এ বিষয়ে জানতে মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার ও শ্রম মন্ত্রণালয়ের উপদেষ্টার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা সাড়া দেননি। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মোখলেস উর রহমান বলেন, ‘‘মৎস্য মন্ত্রণালয়ের সচিব যোগদান করেছেন। আর শ্রম মন্ত্রণালয়ের সচিব নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।’’

## ঝিনাইদহে অস্ত্রসহ সন্ত্রাসী গ্রেফতার

(প্রথম পৃষ্টার পর)

ও বিস্ফোরক আইনে শৈলকুপা থানায় মামলা দায়ের করা হয়েছে এবং গ্রেফতারকৃত আসামিকে আদালতে পাঠানো হয়েছে। স্থানীয়রা জানিয়েছেন, ভুলুন্দিয়া গ্রাম সারুটিয়া ইউনিয়নের ত্রাসখ্যাত এলাকা। অর্ক ইসলাম উৎস একজন উঠতি বয়সী সন্ত্রাসী। এর আগে এই এলাকা থেকে সেনাবাহিনী একাধিক সন্ত্রাসীকে গ্রেফতার করেছিল এবং বিভিন্ন প্রকারের অস্ত্র উদ্ধার করেছিল। আশির দশকের গণবাহিনী নেতা জিয়ারত আলী মোল্লার পোষ্য সাঙ্গপাঙ্গ ও আত্মীয়-পরিজনের মধ্যে এখনো সন্ত্রাসী কার্যক্রম চলে আসছে। স্থানীয়দের অভিযোগ, এসব অস্ত্র এলাকায় চাঁদাবাজি, সন্ত্রাস এবং প্রতিপক্ষকে ভয় দেখাতে ব্যবহৃত হয়। বিগত সরকারের আমলে বৃহৎ এই সন্ত্রাসী পরিবার বহু অপকর্মে জড়িত ছিল। তাদের ছত্রছায়ায় অনেক তরুণ মাদক ও অপরাধের দিকে ঝুঁকে পড়েছে। এক স্থানীয় বাসিন্দা, নাম প্রকাশে অনিচ্ছুক, জানান, “সর্বশেষ ইউপি নির্বাচনের সময় সারুটিয়া ইউনিয়নে অশান্তি ছড়িয়ে পড়ে। একে একে ৭ জন প্রাণ হারায়। চাঁদাবাজি, ঘর-বাড়ি ভাঙচুর ও লুটপাটের ঘটনায় এলাকায় আতঙ্ক বিরাজ করেছিল। অস্ত্র উদ্ধারের এই ঘটনা চতুর্থবারের মতো ঘটল।” এ ঘটনায় শৈলকুপা থানার পুলিশ ও সেনাবাহিনী এলাকায় নিরাপত্তা জোরদার করেছে।

## পশ্চিম সিকিমের ইয়াংথাঙে  ভূমিধসে

(প্রথম পৃষ্টার পর)

ধসের খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও এসএসবি জওয়ানদের একটি দল। স্থানীয়দের সহায়তায় ধ্বংসস্তূপ থেকে পাঁচজনকে উদ্ধার করা হয়। তাঁদের মধ্যে তিনজনের মৃত্যু হয়েছে ঘটনাস্থলেই। দু’জনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে পাঠানো হলে, সেখানে চিকিৎসাধীন অবস্থায় আরও একজন প্রাণ হারান।

উদ্ধারকাজ এখনো চলছে। বিপর্যয় মোকাবিলা বাহিনীও তল্লাশি চালাচ্ছে ধ্বংসস্তূপে কেউ আটকেছেন কি না তা নিশ্চিত হওয়ার জন্য। উত্তর ও পশ্চিম ভারতে বর্ষার শুরু থেকেই একের পর এক বন্যা ও ধসের ঘটনা ঘটছে। হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড ও জম্মু-কাশ্মীরেও পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। প্রাকৃতিক বিপর্যয়ের জন্য অযাচিত পরিবেশ নিধনকেও দায়ী করেছে সুপ্রিম কোর্ট। ইতিমধ্যে সতর্কবার্তা ও নোটিস পাঠানো হয়েছে বেশ কয়েকটি রাজ্যকে। এদিকে, আবহাওয়া দপ্তর জানিয়েছে সেপ্টেম্বরে স্বাভাবিকের তুলনায় বেশি বৃষ্টিপাত হতে পারে। ফলে পাহাড়ি এলাকায় সতর্ক থাকা অত্যন্ত জরুরি বলে বিশেষজ্ঞদের পরামর্শ।

## মেহেরপুরের সুরের যাত্রী সাবিনা

(প্রথম পৃষ্টার পর)

ছাত্তার মিতা খুলনা বেতারের আধুনিক গানের শিল্পী হিসেবে একাধিকবার সম্মাননা ও ভালোবাসায় সিক্ত। ২০১২ সালে মেহেরপুর শিল্পকলা একাডেমির নির্বাহী সদস্য নির্বাচিত হওয়া তাঁর সাংস্কৃতিক জীবনের এক অনন্য স্বীকৃতি। সংগীত তাঁর কাছে শুধুই সুর নয়, বরং হৃদয়ের পবিত্রতা। সেই পবিত্রতাই তিনি ছড়িয়ে দেন পারিবারিক ও সামাজিক জীবনে, যা তাকে সবার কাছে প্রিয় ও সম্মানিত করেছে। শিল্পীর প্রিয় শিল্পী কে এই প্রশ্নে তিনি বলেন, “বাংলাদেশের গানের সংগ্রহশালা সমৃদ্ধ। তবে এক কথায় বলতে গেলে আমার প্রিয় শিল্পী সাবিনা ইয়াসমিন।” তিনি শিশু-কিশোরদের গান শেখানোর নিয়মিত চর্চায় যুক্ত ছিলেন। তবে পরিবারের প্রধান ব্যক্তির অসুস্থতার কারণে প্রায় ৮/৯ বছর সময় কাটাতে হয়েছিল দৌড়ঝাঁপে, যা জীবনের এক অধ্যায়ে চ্যালেঞ্জও এনেছিল। আলহামদুলিল্লাহ বর্তমান সময়ে প্রিয় মানুষ সুস্থ আছেন।পারিবারিক জীবনে জীবনসঙ্গী আজিজ আহমেদ, যিনি মানবিক ও মূল্যবোধসম্পন্ন মানুষ। দাম্পত্য জীবন তাঁকে আরও ছন্দময় ও গতিশীল করে তুলেছে। দুই কন্যা জ্যোতি, যিনি খুলনা বিশ্ববিদ্যালয় থেকে জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ মাস্টার্স করেছেন, এবং কনিষ্ঠ কন্যা জেসি, বর্তমানে রাজশাহী মেডিকেল কলেজে অধ্যয়নরত পরিবারের আনন্দ ও গর্ব। শিল্পী সাবিনা ছাত্তার মিতা সংগীত সাধনার পাশাপাশি শিক্ষকতা পেশায় যুক্ত থেকে নতুন প্রজন্মকে আলোকিত করছেন। তাঁর কণ্ঠে হৃদয়ের আবেগ, জীবনে মানবিক মূল্যবোধ ও সৌন্দর্যের দীপ্তি। তিনি একজন শিল্পী, শিক্ষক, মা এবং মানবিক মানুষ যিনি সংগীতকে জীবনভর বরণ করেছেন প্রেম, শ্রদ্ধা ও সাধনার নিখাদ মূর্ত প্রতীক হিসেবে।

## কুষ্টিয়া সীমান্তে বিজিবির পৃথক

(প্রথম পৃষ্টার পর)

কাছে সীমান্ত থেকে প্রায় ৭০০ গজ ভেতরে অভিযান পরিচালনা করে বিজিবি সদস্যরা। এসময় চরপাড়া গ্রামের মো. আলিপ হোসেন (১৯) কে আটক করা হয়। তার কাছ থেকে ভারতীয় ১৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও ৩০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। জব্দকৃত মাদকের আনুমানিক মূল্য ৪ হাজার ৫ টাকা। এ ঘটনায় আটক যুবককে দৌলতপুর থানায় সোপর্দ করে মামলা দায়ের করা হয়েছে। এর আগে একই দিন দুপুর ২টার দিকে ভেড়ামারা উপজেলার হাইওয়ে সড়কে বিজিবির আরেকটি দল অভিযান চালায়। ব্যাটালিয়ন সদর থেকে বিশেষ টহল দলের নেতৃত্ব দেন নায়েব সুবেদার সিগন্যাল আব্দুল হামিদ। এসময় ২ হাজার ২৪০ প্যাকেট অবৈধ নকল বিড়ি জব্দ করা হয়, যার আনুমানিক বাজারমূল্য ১ লাখ ২৩ হাজার ২০০ টাকা। উদ্ধারকৃত বিড়ি কাস্টমস অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে। অভিযান তত্ত্বাবধান করেন কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)-এর অধিনায়ক লে. কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি।

## অপরাধী হয়ে ভিকটিম সাজছে

(শেষ পৃষ্টার পর)

করছে। বৈঠকে আসিম ইফতিখার মন্তব্য করেন, “একজন দখলদার, আক্রমণকারী এবং জাতিসংঘ সনদ ও আন্তর্জাতিক আইন লঙ্ঘনকারী ইসরাইল এই পরিষদকে অপব্যবহার করছে। এটি একেবারেই অগ্রহণযোগ্য ও হাস্যকর।” তিনি আরও বলেন, ইসরাইল এমন এক দখলদার রাষ্ট্র, যা কারও কথা শোনে নাড়বাবহ নিজের বন্ধুদেরও না।

## আসলাম চৌধুরী

(শেষ পৃষ্টার পর)

রাজনীতি দেশ ও দলের জন্য মঙ্গল বয়ে আনে না। তাই রাজনীতি করতে হবে মানুষের দুঃসময়ে ও সুসময় পাশে থাকার মানসিকতা নিয়ে।

## বাণিজ্য উপদেষ্টা

(শেষ পৃষ্টার পর)

চীনের আরও বেশি বিনিয়োগ আহ্বান জানান।” তিনি আরও বলেন, “বাংলাদেশে চীনের বিনিয়োগ ইতোমধ্যেই তিনশ শতাংশ বেড়েছে। আমাদের দুর্বলতা চিহ্নিত করে অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে এগোতে হবে। উৎপাদন ও প্যাকেজিংয়ে চীনের অভিজ্ঞতা কাজে লাগালে বাংলাদেশ আরও অগ্রগতি অর্জন করবে।”

এ সময় তিনি দেশের অবকাঠামো ও পরিবহন ব্যবস্থার উন্নয়নে চীনের অভিজ্ঞতা কাজে লাগানোর প্রয়োজনীয়তাও উল্লেখ করেন। তিনি জানান, চলতি বছরে বাংলাদেশ থেকে চীনে আম রফতানি করা হয়েছে এবং আনারস ও পেয়ারা রফতানির বিষয়ে আলোচনাও এগোচ্ছে। প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, “দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ প্রথম দেশ যারা বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভে সম্মতি দিয়েছিল। বাংলাদেশের অর্থনীতির অগ্রযাত্রায় চীন সহযোগী হতে চায়। এই প্রদর্শনী দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করবে এবং নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে।